

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল স্মৃতি খেলাঘর উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের শিক্ষার্থীদের খেলাধুলার সুবিধার্থে ‘বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল স্মৃতি খেলাঘর’ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (০৩ অক্টোবর ২০২৩) এর ফলক উন্মোচন ও ফিতা কেটে শুভ উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। নোবিপ্রবির বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের প্রভোস্ট ড. মেহেদী হাসান রুবেলের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হলের সহকারী প্রভোস্টবন্দ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘খেলাধুলা শরীর ও মনকে প্রফুল্ল রাখে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি নিয়মিত খেলাধুলা ও সুস্থ বিনোদনমূলক প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রয়োজন। এতে পুঁথিগত বিদ্যার পাশাপাশি মানবিক মেধা ও মননের বিকাশ ঘটে। শিক্ষার্থীবান্ধব নোবিপ্রবি গঠনের ক্ষেত্রে এ ধরনের উদ্যোগ অগ্রণী ভূমিকা রাখবে বলে মনে করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

উল্লেখ্য, এতে হলের শিক্ষার্থীদের খেলাধুলার জন্য টেবিল টেনিস, দাবা, ক্যারামসহ বিভিন্ন ইনডোর স্পোর্টস এর সুবিধা রাখা হয়েছে।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।